# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার,ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৭৭১০৪৪২, E-mail :chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/১৬১ তারিখঃ ২৭/০১/২০২৫ খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে প্রশিক্ষণপ্রাপ্ত মাষ্টার ট্রেইনার দিয়ে ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থাকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ব্যবস্থাপনায় এবং বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটের সহযোগীতায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে স্ব স্ব শিক্ষা বোর্ডের নির্বাচিত বিষয় ভিত্তিক শিক্ষকদের প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধনের উপর ৬ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উল্লেখিত প্রশিক্ষণ কার্যক্রম কেন্দ্রীয়ভাবে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-তে অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয়ভাবে ঢাকাতে সকল শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা সময় সাপেক্ষ এবং ব্যয়বহুল। তাই প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের দিয়ে আপনার প্রতিষ্ঠানে ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করলে শিক্ষক-শিক্ষার্থী উভয়ই উপকৃত হবে। যদি আপনার প্রতিষ্ঠানে কোনো শিক্ষক প্রশিক্ষণপ্রাপ্ত না হন তবে পার্শ্ববর্তী প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক এনে ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, প্রশিক্ষণ সংক্রান্ত ম্যানুয়েলের সফট কপি ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) দেওয়া হয়েছে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

**বিষয়টি অতীব জরুরী।**

২৭/০১/২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।
ফোন : ০২-৯৯৭৭১০৪৪২
E-mail : conbisemym@gmail.com

প্রাপক
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
ময়মনসিংহ বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক
পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. অফিস কপি

CamScanner